

## ১২৬০০ পিস ইয়াবাসহ ২(দুই) জন আকট



২৮/০৮/২০১৫ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে সদরঘাট থানাধীন হোটেল ডিলাইট এর সামনে রাস্তার উপর অভিযান পরিচালনা করে ০১) মোঃ হাবীব হোসেন(৩০), পিতা-মৃত আকবর হোসেন, সাং-চর

পাথরঘাটা, তোতার বাপের হাট, থানা-কর্ণফুলী, জেলা-চট্টগ্রাম ও ০২) মোঃ আয়াজ(২৫), পিতা-মোঃ শফিক, সাং উখিয়া বাজার(দক্ষিণ পাশে), আবুল হোসেনের বাড়ী, থানা-উখিয়া, জেলা-কক্সবাজারকে ১২,৬০০(বার হাজার ছয়শত) পিস ইয়াবাসহ হাতেনাতে আটক করে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, আসামীদ্বয় টেকনাফ থেকে ইয়াবাগুলো ঢাকায় নিয়ে যাচ্ছিল। এবিষয়ে কোতোয়ালী সার্কেল পরিদর্শক জনাব ওসমান কবীর বাদী হয়ে সদরঘাট থানায় একটি মামলা দায়ের করেন। মামলাটি তদন্তাধীন আছে।